ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-১১৯১

আগরতলা, ১৪ জুন, ২০২৫

## ধরতি আবা জনভাগিদারি অভিযান
## পশ্চিম ত্রিপুরা জেলায় ৩৫টি শিবির করা হবে

পশ্চিম ত্রিপুরা জেলায় ধরতি আবা জনভাগিদারি অভিযান শুরু হবে ১৫ জুন। জনজাতীয় গৌরববর্ষ-এর অঙ্গ হিসেবে ধরতি আবা জনভাগিদারি অভিযান চলবে আগামী ৩০ জুন পর্যন্ত। আজ পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসকের কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে একথা জানান পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ড. বিশাল কুমার।

জেলাশাসক সাংবাদিক সম্মেলনে জানান, এ বিষয়ে জেলা পর্যায়ে সচেতনতা অভিযান আগামী ১৭ জুন জেলাশাসকের কনফারেন্স হলে অনুষ্ঠিত হবে। পশ্চিম ত্রিপুরা জেলার ৮টি ব্লকের ৩৫টি স্থানে আগামী ২০ জুন থেকে ২৬ জুন পর্যন্ত শিবিরগুলি করা হবে। এই শিবিরগুলিতে আধার কার্ড, পিএম-কিষাণ, আয়ুষ্মান ভারত কার্ড, জনধন অ্যাকাউন্ট সহ বিভিন্ন সামাজিক সুরক্ষা প্রকল্পের সুবিধা প্রদান করা হবে। রাজ্যের সার্বিক উন্নয়নে এই কর্মসূচি সহায়ক ভূমিকা নেবে বলে জেলাশাসক আশা প্রকাশ করেছেন।

*******